**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**NEC Meeting :**

এন.ই.সি-র ৭২তম পূর্ণাঙ্গ বৈঠক আগামী ২১শে ডিসেম্বর আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হবে। পৌরোহিত্য করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা এন.ই.সি-র চেয়ারম্যান অমিত শাহ। অধিবেশনে উপস্থিত থাকবেন উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া, উত্তর-পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীগণ। এর আগে আগামী ২০শে ডিসেম্বর আগরতলার একটি বেসরকারী হোটেলে প্রাক-পূর্ণাঙ্গ-বৈঠকের কারিগরি অধিবেশন অনুষ্ঠিত হবে। উত্তর-পূর্ব উন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার এই অধিবেশনে পৌরোহিত্য করবেন। বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকের সচিবগণ, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্য সচিবগণ এবং পরিকল্পনা দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা এই অধিবেশনে অংশগ্রহণ করবেন।

**************************

**CM-Gomati :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরে বেশ কয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এগুলি হল উদয়পুর পুর এলাকায় অত্যাধুনিক টাউন হল সহ বহুতল কমার্শিয়াল বিল্ডিং, নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ের বিজ্ঞান ভবন, রমেশ স্কুলের 'বিচিত্রা হল' এবং নূতন বিল্ডিং নির্মান, রমেশ স্কুল মাঠে সিন্থেটিক টার্ফ বসানো। তাছাড়া রাজারবাগে উন্নতমানের মোটরস্ট্যান্ড, ভগিনী নিবেদিতা বিদ্যালয় সংলগ্ন ২০০

আসন বিশিষ্ট যুব আবাস, গোমতী জেলা শাসক অফিসের নতুন ভবন নির্মানের শিলান্যাস করবেন।

*************************

**National Fisheries Development Board Program :**

মৎস্য দপ্তরের উদ্যোগে ও জাতীয় মৎস্য উন্নয়ন বোর্ডের সহায়তায় গতকাল আগরতলার কলেজটিলাস্থিত মৎস্য দপ্তরের কার্যালয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এর মূল উদ্দেশ্য হল রাজ্যে মৎস্যখাতে উৎপাদন বৃদ্ধির জন্য যে সমস্ত মৎস্যচাষীরা কাজ করছেন তাদের আর্থিকভাবে সহায়তা করার পাশাপাশি অত্যাধুনিক ও বিজ্ঞানসম্মত উপায়ে মাছ চাষ করার জন্য তাদের অনুপ্রানিত করা। কর্মশালা প্রসঙ্গে জাতীয় মৎস্য উন্নয়ন বোর্ড'র সিনিয়র এক্সিকিউটিভ এ কে বোরা বলেন, মাছ চাষে রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ করে তোলার লক্ষে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার আওতায় বেশ কয়েকটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সেই প্রকল্পগুলির সুবিধা যাতে রাজ্যের প্রতিটি মাছ চাষীদের কাছে পৌঁছায় সেই লক্ষ্যে আজ রাজ্যস্তরে এই কর্মশালার আয়োজন করা হয়। তিনি বলেন চাহিদার তুলনায় রাজ্যে বর্তমানে ৩২ হাজার মেট্রিক টন মাছের ঘাটতি রয়েছে। চলতি বছরের আগামী ২০ থেকে ২২শে ডিসেম্বরের মধ্যে জেলাস্তরে অনুরূপ কর্মশালা অনুষ্ঠিত হবে।

****************************

**Lok Adalat :**

জাতীয় লোক আদালতে গতকাল ১৮ হাজার ৫৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও জেলা ও মহকুমা আদালত চত্বরে এই লোক আদালত বসে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, মোটর দুর্ঘটনায় ক্ষতিপূরণ ৩৩২টি মামলা, ব্যাংক ঋণ পরিশোধ সংক্রান্ত ৩৫৫৭টি, আপোষযোগ্য ফৌজদারি

বিরোধের ১৩,১৩০টি, বৈবাহিক বিরোধের ১২৭টি, চেক বাউন্স সংক্রান্ত ১৮৬টি, ক্রেতা স্বার্থ সংক্রান্ত ৪৪টি, চাকরি সংক্রান্ত বিষয়ে ৩টি এবং দেওয়ানি সংক্রান্ত ১৩টি মামলা নিস্পত্তির জন্য তোলা হয়।

**********************

**Saras Mela-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের মহিলা স্ব-সহায়ক দলের ৩ লক্ষ ৭১ হাজারেরও বেশি সদস্যকে প্রধানমন্ত্রী সুরক্ষা যোজনার আওতায় আনা হয়েছে। এখনো পর্যন্ত ২১ হাজারেরও বেশি স্ব-সহায়ক সদস্যকে জীবন জ্যোতি অটল পেনশন যোজনার আওতায় আনা হয়েছে। রাজ্যে বর্তমানে ১২ হাজারেরও বেশি স্ব-সহায়ক দলে ৪ লক্ষ ৭৩ হাজার সদস্য সক্রিয়ভাবে কাজ করছে। গতকাল ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের ব্যবস্থাপনায় আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপী ১৯তম আঞ্চলিক সরস মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। সরস মেলায় এবারের থিম রাখা হয়েছে দিদি লাখপতি ত্রিপুরার অগ্রগতি। মেলায় প্রায় ৩৯৯টি স্টল রয়েছে, যার মধ্যে ৩৬৩টি স্টল রাজ্যের স্ব-সহায়ক দলের মহিলাদের জন্য, ১০টি স্টল অন্যান্য রাজ্যের স্ব-সহায়ক গোষ্ঠির জন্য। এই সরস মেলা চলবে আগামী ২৬শে ডিসেম্বর পর্যন্ত।

*************************

**Tourism Promo Fest :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্ট-২০২৪ উপলক্ষে ন্যাশনাল ট্র্যাভেল মার্টে রাজ্যের পর্যটন সম্ভার ও পর্যটন শিল্পের বিকাশে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গির কথা তুলে ধরেন। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীও উপস্থিত ছিলেন। গতকাল আগরতলা গীতাঞ্জলি পর্যটক আবাসে অ্যাসোসিয়েশন অব ডোমেস্টিক ট্যুর অপারেটরসদের নিয়ে এই

ন্যাশনাল মার্টের আয়োজন করা হয়। এ উপলক্ষে বিজনেস টু বিজনেস আলোচনায় বহিরাজ্যের ট্যুর অপারেটরগণ অংশগ্রহণ করেন। দেশের ১৬টি রাজ্যের ৮০ জন প্রতিনিধি এই আলোচনায় অংশ নেন। আলোচনায় মুখ্যমন্ত্রী বলেন, ২০১৪ সালে কেন্দ্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ক্ষমতাসীন হওয়ার পর অ্যাক্ট ইস্ট পলিসি গ্রহণ করার ফলে রেল, সড়ক, বিমান পরিষেবা সহ যোগাযোগ ব্যবস্থায় অনেক পরিবর্তন এসেছে। তাছাড়াও পর্যটন ক্ষেত্রের পরিকাঠামোর উন্নতি ঘটানো হচ্ছে।

***************************

**Promo Fest :**

ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্টের গতকাল ছিল শেষ দিন। এ উপলক্ষ্যে গতকাল সন্ধ্যা থেকে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। এই অনুষ্ঠানে প্রখ্যাত সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল সঙ্গীত পরিবেশন করেন।

***************************

**National Energy Conservation Day :**

ত্রিপুরা বিদ্যুৎ উন্নয়ন নিগমের উদ্যোগে ন্যাশনাল এনার্জি কনজারভেশন ডে উপলক্ষে গতকাল নিগম কার্যালয়ে শক্তি সংরক্ষণ বিষয় নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। দুটি বিভাগে ২৫০ জন ছেলেমেয়ে অংশগ্রহণ করে। উপস্থিত ছিলেন টিপিজিএলএর জিএম হরেকৃষন দাস সহ অন্যান্যরা।

***************************

**Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়েছে। আজ তাপমাত্রা সর্বোচ্চ ২২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪

ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় অতি ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************************